২০২৫

# বাংলা

[স্কিল এনহ্যান্সমেন্ট কোর্স (SEC)]

(এন ই পি পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

তৃতীয় সেমেস্টার

কোর্স কোড : BENG-SEC-304

[NEP-2020]

পূর্ণমান : ৩৫ সময় : ১ ঘন্টা ৩০ মিনিট

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।*

*প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।*

১। নিম্নলিখিত যে-কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও : ১×৫=৫

ক) বাংলা লেখার ক্ষেত্রে 'মাত্রা' মানে প্রাবন্ধিকের অভিমতটি লেখো।

খ) 'কাজের বাংলার এই পাঠশালার মূল লক্ষ্য ...' কী বলে লেখক মনে করেছেন?

গ) 'শতং বদ, মা লিখ'। — প্রবন্ধকার কে? প্রবন্ধটির নাম লেখো।

ঘ) সঠিক বানানটি লেখো:

অর্জুন/অর্জূন, কার্য্য/কার্য।

ঙ) তৎসম শব্দ কাকে বলে?

চ) সন্ধিতে যেখানে পূর্বপদে 'ম' থাকে সেখানে 'ং' হবে — এমন দুটি উদাহরণ দাও।

ছ) 'সকল অলংকারের শ্রেষ্ঠ অলংকার সরলতা' — প্রাবন্ধিক এই উদ্ধৃতিটি কেন ব্যবহার করেছেন?

জ) ভালো বাংলা লেখার জন্য কি কি প্রয়োজন?

[পরের পাতায়]

২। নিম্নলিখিত যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ৫×২=১০

ক) 'আগে ঘোড়া পরে চাবুক' বলতে প্রাবন্ধিক কি বোঝাতে চেয়েছেন?

খ) ভালো বাংলা লেখার জন্য কোন কোন দক্ষতা প্রয়োজন?

গ) প্রাবন্ধিক পবিত্র সরকার বাংলা বলা এবং লেখার তফাতকে কিভাবে ব্যাখ্যা করেছেন?

ঘ) 'অভিধান' সম্পর্কে প্রাবন্ধিক সুভাষ মুখোপাধ্যায় কী কী তথ্য দিয়েছেন?

৩। নিম্নলিখিত যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) পত্রপত্রিকায় লেখার ক্ষেত্রে বাক্য গঠন সম্পর্কে লেখক কী মন্তব্য করেছেন?

খ) 'বাংলা কি লিখবেন, কেনো লিখবেন' প্রবন্ধে লেখকের মূল ভাবনাকে সংক্ষেপে বিবৃত করো।

গ) ইংরেজি থেকে বাংলায় কোনো বিষয়ে তর্জমা করার ক্ষেত্রে কী কী সমস্যার সম্মুখীন হতে হয়? এই সমস্যা থেকে মুক্তির উপায় কী?

ঘ) 'রবীন্দ্রনাথ একসময় বাংলা ক্রিয়ার একটি তালিকা করেছিলেন। তার মধ্যে অনেক ক্রিয়ার এখনকার লেখায় তেমন ব্যবহার দেখা যায় না' — প্রসঙ্গ উল্লেখ করে দৃষ্টান্ত অর্থসহ তুলে ধরো।

———